# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪-২৮১

তারিখ: ০৫ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২১ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

আবহাওয়া অধিদপ্তর ও সিইজিআইএস (CEGIS) এর প্রাথমিক বিশ্লেষণের মাধ্যমে প্রাপ্ত তথ্য অনুযায়ী দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে একটি লঘুচাপ সৃষ্টি হয়েছে, যা ঘূর্ণিঝড়ে পরিণত হয়ে বাংলাদেশের উপকূলে আঘাত হানতে পারে বলে আশঙ্কা রয়েছে। লঘুচাপটি গভীর নিম্নচাপে পরিণত হয়ে আগামী ২৩ অক্টোবর পূর্ণাঙ্গ ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে, যা ২৩ অক্টোবর রাত ১২ টার পর থেকে ২৪ অক্টোবর সন্ধ্যা ৬ টার মধ্যে বাংলাদেশের খুলনা বিভাগ ও তৎসংশ্লিষ্ট উপকূলীয় এলাকায় আঘাত হানতে পারে। এ সময় বাতাসের গতিবেগ ঘণ্টায় ১৪০ কিমি পর্যন্ত উঠতে পারে এবং খুলনা বিভাগের উপকূলীয় এলাকায় ৬ থেকে ৮ ফুট উঁচু জলোচ্ছাসের আশংকা রয়েছে, যা সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট জেলার উপকূলীয় এলাকাগুলোকে প্লাবিত করতে পারে।

২। এ অবস্থায়, ঘূর্ণিঝড় 'ডানা' মোকাবেলায় প্রাক প্রস্তুতি গ্রহণসহ জনগণের জানমাল রক্ষায় পর্যাপ্ত পরিমাণ জিও/সিনথেটিক ব্যাগ মজুদ রাখার নির্দেশনা প্রদান করা হলো।

৩। সম্ভাব্য ঘূর্ণিঝড় 'ডানা' মোকাবেলায় খুলনা বিভাগসহ তৎসংশ্লিষ্ট উপকূলীয় জেলাসমূহের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীকে কর্মস্থল ত্যাগ না করার নির্দেশনা প্রদান করতঃ সকল ছুটি বাতিল করা হলো।

৪। মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে এ দপ্তরাদেশ জারী করা হলো।

ওবায়দুল ইসলাম
পরিচালক (বোর্ড)

**অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):**

১। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ..................বাপাউবো, ঢাকা।
২। নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল).................... বাপাউবো, ঢাকা।
৪। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (সকল)..................................... বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।

২১/১০/২৪
অনীক এহসান
সহকারী পরিচালক (প্রশাসন)